# বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড

কর্পোরেট অফিসঃ **ইউনুস ট্রেড সেন্টার (লেভেল ২২)**
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

## ২৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর ২৫তম বার্ষিক সাধারণ সভা আগামী **৩০ সেপ্টেম্বর, ২০২৩ইং তারিখ রোজ শনিবার** সকাল ১১.০০ টায় নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের নিমিত্তে এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে।

**আলোচ্যসূচী ঃ**

১। ৩১ ডিসেম্বর, ২০২২ইং সমাপ্ত বছরের ব্যাংকের নিরীক্ষিত আর্থিক বিবরণী, ঐ তারিখে স্থিতিপত্রসহ তদ্‌বিষয়ে পরিচালক ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
২। ব্যাংকের মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং কোম্পানী আইনের বিধান মোতাবেক পরিচালকের অবসর গ্রহণ ও তদস্থলে পরিচালক নির্বাচন/পুনঃনির্বাচন।
৩। ২০২৩ইং সালের জন্য অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ।
৪। সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়ে আলোচনা।

পর্ষদের আদেশক্রমে
স্বা/-
**(সৈয়দ মোহাম্মদ ইস্তেনচার বিল্লাহ)**
কোম্পানী সচিব

**তারিখঃ আগষ্ট ২২, ২০২৩**
ঢাকা।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১। কোম্পানীর ২৫তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে শেয়ার হস্তান্তর বহিঃ আগামী **২৮-০৮-২০২৩ইং** থেকে **৩০-০৮-২০২৩ইং** তারিখ (উভয় দিনসহ) বন্ধ থাকবে।
২। ২৫তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের যোগ্য কোম্পানীর যে কোন সদস্য/সদস্যা তার পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। প্রক্সি ফরম অথবা পাওয়ার অব এটর্নী বা ক্ষমতাপত্র বা নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত ক্ষমতাপত্র এজিএম-এর কার্যক্রম শুরু হওয়ার কমপক্ষে **৭২ ঘন্টা** পূর্বে কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে প্রেরণ করতে হবে। যদি প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ ও ২০/- টাকা মূল্যের রেভিনিউ ষ্ট্যাম্প সংযোগপূর্বক নির্ধারিত সময়ে জমা দেয়া না হয় তাহলে প্রক্সি ফরম বৈধ বলে বিবেচিত হবে না।
৩। সাধারণ সভা অনুষ্ঠানের দিন ডিজিটাল প্ল্যাটফর্ম **সকাল ১০.০০ ঘটিকা** থেকে উন্মুক্ত থাকবে। সম্মানিত শেয়ারহোল্ডারদের ওয়েব লিংক-এর মাধ্যমে এজিএম-এ সংযুক্ত থাকার অনুরোধ করা হলো। এজিএম-এ সংযুক্ত হবার বিস্তারিত প্রক্রিয়া ব্যাংকের ওয়েবসাইটঃ **www.bcblbd.com** -এ উল্লেখ থাকবে।
৪। ২৫তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদন-২০২২, নোটিশ ও প্রক্সি ফরম ডাকযোগে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিবন্ধিত ঠিকানায় প্রেরণ ও ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হবে। সভা অনুষ্ঠানের পূর্বে কেউ বার্ষিক প্রতিবেদন, নোটিশ/প্রক্সি ফরম এবং এজিএম-এ উপস্থিতির লিংক না পেয়ে থাকলে ব্যাংকের **website: www.bcblbd.com** বা রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো **(টেলিফোন- ০৯৬১-৩২২-১০৭০ ও ০২-২২৩৩৫৫৭০৪)।**
৫। ঠিকানার কোন পরিবর্তন হলে বার্ষিক প্রতিবেদন প্রেরণের পূর্বে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড-এর রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে লিখিতভাবে অবহিত করার জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অনুরোধ করা হলো।

প্রকাশিত বণিক বার্তা, পৃষ্ঠা নং-৭, তারিখ ২২ আগস্ট, ২০২৩ইং